## অক্টোবর,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মনিতা ত্রিপুরা, প্যানেল চেয়ারম্যান-২, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি |
| সভার তারিখ ও সময় | : | ৩০ অক্টোবর, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | সেপ্টেম্বর, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্মবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ২ | উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। বিগত মাসের উপজেলা কমিটির কোন সভা অনুষ্ঠিত হয় নি। ইউজিডিপি’র বরাদ্দ প্রাপ্তি ও উপজেলা কমিটিসমূহ সক্রিয় করণের জন্য উপজেলা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত করে কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা প্রয়োজন। | বিগত মাসের উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩৪২৪ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৬৮ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৬৫ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৮ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১২৩ জন। মোট এএনসি-১ম ৯২ জন, ৪র্থ-৬৫ জন এবং পিএনসি ১২১ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ১ জন টিবি রোগীর সংখ্যা= ০৯ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৫৫৫ জন, ১ম ডোজ প্রদান ৪১২১০ জন, দ্বিতীয় ডোজ ৪০৭৫৭ জন, ৩য় ডোড-১৬৩৯৯ জন, প্রদান করা হয়নি ৩৪৫ জন ২৩০ জন করোনী রোগী পজেটিভ পাওয়া গেছে এবং ২৩০ জনই সুস্থ প্রাইমারি বিদ্যালয়সমূহে কোভিড-১৯ টীকাদান কার্যক্রম সঠিকভাবে চলছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা মোতবেক স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা পানছড়ি। |
| ৪ | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৯৫ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ১২৫ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ৬১ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ৫০ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১৮ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ৪৮ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০১ জন, সাধারণ রোগী সেবা ১১১১ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা ২৫ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৩৯২ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৬৫%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫২৪৩ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩টি, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.১৩% মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) বাল্যবিবাহ ও কিশোরীর মাতৃত্বের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) কিশোরীদেরকে আয়রন ও ফলিক এসিড বড়ি প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) বয়:সন্ধিকালীন পরিবর্তনের বিষয়ে কাউন্সেলিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |
| ৫ | **কৃষি বিভাগ** : তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২২-২০২৩) অর্থবছরে দরিদ্র জেলে পরিবারের মাঝে বিকল্প আয়ের কর্মসংস্থানের জন্য ছাগল বিতরণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও জেলা মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে ২নং চেংগী ইউনিয়নে ১টি উন্নয়নকৃত ক্রিক বাধেঁ কার্প জাতীয় মাছের প্রর্দশনী খামারে মাছের পোনা ও বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা নির্বাচন অফিস সংলগ্ন পরিত্যক্ত ভবনটি নিলাম প্রক্রিয়ায় বিক্রি করে উক্ত জায়গায় মৎস্য ভবন নির্মানের লক্ষ্যে সভায় উপস্থিত সকলের নিকট উপস্থাপন করেন। | (ক) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২২-২০২৩) অর্থবছরে উন্নয়নকৃত ক্রিক বাঁধসমূহ নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) পরিত্যক্ত ভবনটি নিলাম প্রক্রিয়া বিক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি<br><br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| ৭ | **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ৭৬০ মাত্রা, হাঁস-মুরগী টিকা প্রদান ১২,০০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১২২৭টি, হাঁস-মুরগী চিকিৎসা ১১০০৮টি, কৃত্রিম প্রজনন ৬৯টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ৩,২০৫ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ২১৩০ টাকা, খামার পরিদর্শন-০৫টি, উঠান বৈঠক ০২টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য চিকিৎসা এবং টিকা প্রদান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) নিয়মিত খামার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) লক্ষ্যমাত্রানুযায়ী রাজস্ব আদায়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |
| ৯ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণবেক্ষন টি.আর. কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ২২,০৯,১৬৩/৯৫ টাকা নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে কাজের অগ্রগতি ৫০%। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩১,৫৭,১৫৫/২৪ টাকা নগদ অর্থ ২১.০৪৭৯ (চাল) এবং ২১.০৪৭৯ মে:টন (গম) বরাদ্দ প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ৫০%। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা ১ম কিস্তি মহিলা সংসদ সদস্য এর আওতায় ২৩,১৪,৩৮০/২০ টাকা, গৃহীত প্রকল্প সংখ্যা ০৭টি। কাজের অগ্রগতি ৫০%। | (ক) বিধি অনুযায়ী উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) বাস্তবায়িক উন্নয়নমূলক প্রকল্পের কাজ তদারকী করার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে ২৬০টি নলকূপের কাজ সম্পন্ন হয়েছে। ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় ৭টি কাজের মধ্যে ৪টি কাজ সমাপ্ত এবং ১টি কাজ হস্তান্তর করা হয় নাই। অবশিষ্ট ৩টির কাজ চলমান। আশ্রায়ণ প্রকল্পের ২৫টি গুচ্ছঘরের মাঝে নলকূপ স্থাপন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া যায় তন্মধ্যে | (ক) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) চলমান কাজের অবশিষ্ট পানির উৎসের কাজসমূহ যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | ৭৩টি নলকূপ জনগুরুত্বপূর্ণ স্থানে স্থাপন করা হয়েছে। বাকী কাজ চলমান। চলতি অর্থবছরে অত্র উপজেলায় ০৮টি কমিউনিটি টয়লেট স্থাপনের জন্য বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ৫টি কাজ চলমান আছে। অবশিষ্ট কাজগুলো দ্রুত শুরু করা হবে। GPS প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে নতুনভাবে ৬টি বিদ্যালয়ের দ্বিতল ওয়াশ ব্লক নির্মাণের অনুমোদন পাওয়া যায় এবং কাজগুলো চলমান। (হাসান নগর, কলানাল, আী নগর, লোগাং বাজার, বড় পানছড়ি (উত্তর) ও লতিবান মূখ সরকারি প্রাথমিক বিদ্যালয়)। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (গ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | |
| ১১ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ৫-১১ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান চলমান আছে। শতভাগ বিদ্যালয়ে ভ্যাকসিন প্রদানের জন্য নিবন্ধন প্রায় সম্পন্ন হয়েছে। বিগত কোভিড-১৯ পরিস্থিতির কারণে ছাত্র/ছাত্রীদের ঘাটতি পূরণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক চলছে। বর্তমানে বিদ্যালয়গুলোতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম চলছে মর্মে সভায় উপস্থাপন করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক পাঠদান কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ১২ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিতির জন্য এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পানছড়ি। |
| ১৩ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিতির জন্য এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৪ | **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের সেপ্টেম্বর,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%। ২০২২-২০২৩ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচি কার্যক্রমটি মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম আপাতত স্থগিত আছে। পরবর্তীতে নির্দেশনা আসলে পূণরায় চালু করা হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম চলমান আছে এবং পুষ্টি নাস্তা বিতরণ আপাতত বন্ধ আছে। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিহার, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধের বিষয়ে নিয়মিত উঠান বৈঠক বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ডিও বিতরণ শেষে নির্ধারিত তারিখের মধ্যে মাষ্টার রোল ও সঞ্চয় জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপুঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপুঞ্জিত সদস্য ভর্তি ১৫৫৪ জন, ক্রমপুঞ্জিত শেয়ার আদায় ৭.৮৩ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ৬৭.১৫ (লক্ষ টাকায়), ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১৬৪৭.১৭ (লক্ষ টাকায়), ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৮৭২.৯৩ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপুঞ্জিত অডিট ৫৯টি, ক্রমপুঞ্জিত এজিএম ৫৯টি, ক্রমপুঞ্জিত নির্বাচন ৫৯টি, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ১১১০টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার অডিট বরাদ্দ অডিট অফিসারগণের দ্বারা সম্পাদন করা হবে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল উন্নয়ন তহবিল ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সকল সমিতির উন্নয়ন সমিতির সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে রশিদের কপি জেলা সমবায় কার্যালয়, খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে ০৩টি সমিতি ও ০১ জন সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করে জেলা সমবায় কার্যালয়, খাগড়াছড়ি তে প্রেরণ করা হয়েছে। | (ক) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৯,৫৯,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ১,৬০,৬৪০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ১,৫০,০০০/- টাকা চলমান মাসে আদায় হার ৯৪%। চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৭১,৫১,২০০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়কৃত ২,৩৭,৩০,২৪৪/- টাকা, আদায় হার ৯৫%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় বর্তমানে খাদ্য গুদামে ৫৯০.৬০৬ মে: টন (আতপ) চাল, ৪২২.১০১ মে: টন (সিদ্ধ) চাল। ১৩৯.২১৭ মে. টন গম ধান মজুদ আছে। সেপ্টেম্বর,২০২২খ্রি: মাসে ও.এম.এস. খাতে ৮৮.০০ মে: টন চাউল ডিলারের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) পর্যাপ্ত পরিমাণে খাদ্যগুদামে খাদ্য মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) নির্দেশনা মোতাবেক ও.এম.এস. চাল বিক্রয়ের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক মর্মে সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিতির জন্য এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) ব্যবস্থাপক জানান যে, আগামী ২ নভেম্বর হতে ৯ নভেম্বর, ২০২২খ্রি: তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ৫টি ইউনিয়নে ৫টি পাড়াকেন্দ্রে সামাজিক কল্যাণ, বিদ্যালয়ে শিক্ষা সম্পাদন, সামাজিক সুরক্ষা বেষ্টনী, বাল্য (শিশু) বিবাহ প্রতিরোধ ইত্যাদি বিষয়ে কমিউটিনিট ডায়লগ অনুষ্ঠিত হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) অনুষ্ঠিতব্য কমিউনিটি ডায়লগ সুষ্ঠু সুন্দর ও সুশৃংখলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক জানান যে, চলতি অর্থবছরে সমিতি গঠন ১৫৪টি, ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা ৫৪২২, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩৩২০.১৮ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ২৫১৪.৮২ টাকা এবং ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ৩১৮.৪৩ টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক পানছড়ি। |
| ২৩ | **বিদ্যুৎ বিভাগ :** তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক মর্মে সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি। |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা ডেভেলপমেন্ট | (ক) নির্দেশনা অনুযায়ী ৫ম বছরের জন্য অনুমোদিত | ইউডিএফ, |

| | | | |
|---|---|---|---|
| | ফ্যাসিলিটেটর জানান যে, ৫ম বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অক্টোবর মাসের শেষান্তে লে-আউট প্রদানের পরিকল্পনা রয়েছে। অনলাইনের মাধ্যমে ৬ষ্ঠ পারফরমেন্স অ্যাসেসমেন্ট নভেম্বর,২০২২ হতে শুরু হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | UGDP<br>পানছড়ি। |
| ২৫ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ২৪০ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ৬ জন। মোট ২৪৬ জনকে সেবা প্রদান করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ২৬ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, প্রকল্পের বাস্তবায়িত কাজের মধ্যে প্রকল্পে অর্ন্তভূক্ত যে বিদ্যালয়গুলো আছে সে সমস্ত বিদ্যালয়গুলোতে কিশোর-কিশোরীদের স্বাস্থ্য পরামর্শ দেয়া হয় এবং প্রতিটি বিদ্যালয়ে কিশোর-কিশোরীদের প্রজনন বিষয়ক পুস্তিকা ও সুরক্ষিত মাসিক ব্যবস্থাপনা পোষ্টার বিতরণ করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় যে ৩টি যুব ও বয়স্ক শিক্ষা কেন্দ্র আছে ঐ কেন্দ্রগুলিতে সেবা কার্যক্রম চলমান আছে। | নির্দেশনা মোতাবেক প্রকল্পের দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মনিতা ত্রিপুরা)**
প্যানেল চেয়ারম্যান-২
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭-　　　　তারিখ-　　/১০/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ....................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা ................................................................. কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ..........................................................................
.............................................................................. খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।